

# সংবাদ

[www.sangbad.com.bd](http://www.sangbad.com.bd)

দৈনিক সংবাদ, ০৪/০৩/২০১৭, পৃ- ১৪



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের বিজনেস ক্লাব আয়োজিত আন্তর্বিশ্ববিদ্যালয় ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবীর। গতকাল রাজধানীর আফতাব নগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রান্স্ট্রিভার্ড চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান। তিনি দিনব্যাপী অনুষ্ঠানে এ প্রতিযোগিতায় দেশের ২৩টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ৮৮টি দল অংশ নেয়। প্রতিযোগিতা শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রসাশন ইনসিটিউট (আইবিএ)-এর একটি দল চ্যাম্পিয়ন এবং আরেকটি দল প্রথম রানার আপ হিসাবে অর্জন করে। ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশ-এর একটি দল হিতীয় রানার আপ হয়। সমাপনী অনুষ্ঠানে বিজয়ী প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেয়া হয়। অনুষ্ঠানে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রান্স্ট্রিভার্ড চেয়ারপার্সন অন্যান্য সদস্যবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও প্রতিযোগীগণ উপস্থিত ছিলেন।